দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 11 APR 2016 ...
পৃঃ ... 7-8 ... কলাম ... 2 ...

# স্কুলের ওয়াশ ব্লক নির্মাণে রডের পরিবর্তে বাঁশ ॥ তদন্ত কমিটি

**নিজস্ব সংবাদদাতা, গাইবান্ধা, ১০ এপ্রিল ॥** সদর উপজেলার রামচন্দ্রপুর ইউনিয়নের মেঘডুমুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লক নির্মাণে রডের পরিবর্তে বাঁশ ব্যবহার করায় এলাকাবাসী তা ভেঙ্গে দিয়েছে। এলাকাবাসী জানায়, মেঘডুমুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদফতরের আওতায় ৮ লাখ ৫০ হাজার টাকা ব্যয়ে গত বছরের সেপ্টেম্বর মাসে ওই ওয়াশ ব্লক নির্মাণকাজ শুরু হয়। নির্মাণকাজের দায়িত্ব পান জেলার সাদুল্যাপুর উপজেলার ঠিকাদার আব্দুল খালেক। তিনি এই নির্মাণকাজ কখনও দিনে কখনও রাতে করাতেন। ঠিকাদার অবৈধভাবে রাতের বেলায় ঢালাইয়ের কাজে রডের পরিবর্তে বাঁশের কঞ্চি ও বেঞ্চের পুরাতন ফ্রেমের রড ব্যবহার করা হয়। ওয়াশ ব্লক নির্মাণকাজে রডের পরিবর্তে বাঁশের কঞ্চি ও বেঞ্চের পুরাতন ফ্রেমের রড ব্যবহার করার বিষয়টি এলাকাবাসী জানতে পেরে কাজ বন্ধ করে দেয়। অনিয়মের মাধ্যমে কাজ করতে সংশিষ্ট ঠিকাদার প্রতিষ্ঠানের সঙ্গে গাইবান্ধা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদফতরের কর্মকর্তারা জড়িত রয়েছেন। এ ঘটনায় তারা সুষ্ঠু তদন্তসাপেক্ষে ঠিকাদারের শাস্তির দাবি জানান। এদিকে, এ ঘটনায় রংপুর জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের প্রধান প্রকৌশলী রামচন্দ্রপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান রফিকুল ইসলামকে প্রধান করে ৮ সদস্যের তদন্ত কমিটি গঠন করে দিয়েছেন। উলেখ্য, ঠিকাদার আব্দুল খালেক এ ধরনের ৩২টি বিদ্যালয়ের ওয়াশ ব্লক নির্মাণের দায়িত্ব পেয়েছেন।